

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
প্রচার ও প্রকাশনা

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়
উন্নয়ন”

www.coop.gov.bd

সমবায় অধিদপ্তর, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৪৬.৯৯.০০৪.২২.৭৪


তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৯

২৩ নভেম্বর ২০২২

বিষয়: সফল সমবায় সমিতির সফলতার প্রতিবেদন (Success Story) পুস্তিকা আকারে প্রকাশের
জন্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে ছোটবড় প্রায় ১,৯৩,০০০ সমবায় সমিতি রয়েছে। এসব সমবায় সমিতি পুঁজি গঠন, বিনিয়োগ, উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সমাজ ও দেশের দারিদ্র্য হ্রাসকরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। নানা সীমাবদ্ধতার মধ্যেও বিশেষ করে নারীর ক্ষমতায়নে, হাউজিং, দুগ্ধ উৎপাদন ও বিপণনসহ বিভিন্ন সেক্টরে সমবায় প্রশংসনীয় অবদান রাখছে। এছাড়াও সমবায়ের অন্যান্য ক্যাটাগরির সমবায় সমিতির সদস্যগণ নানামুখী কর্মকান্ড পরিচালনা করে আর্থসামাজিক সমৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় খাতের এসকল কর্মকান্ড ও এর সফলতা উল্লেখযোগ্যভাবে প্রচারিত না হওয়ায় সমবায়ের উন্নয়ন কর্মকান্ড সরকার, দাতা সংস্থা ও সংশ্লিষ্টদের দৃষ্টিগোচর হয় না।

সমবায় কর্মকান্ডের সফলতার খবর ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে সফল সমবায় সমিতির সফলতার প্রতিবেদন পুস্তিকা আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে তার বিভাগের আওতাধীন প্রতিটি উপজেলা হতে কমপক্ষে ০১টি মহিলা সমবায় সমিতিসহ মোট ৩টি সফল সমবায় সমিতির Success Story (Nikosh Font Size 12) প্রতিবেদন আকারে প্রস্তুত করবে। উক্ত প্রতিবেদনে সমিতির সফলতার চিত্র তুলে ধরার পাশাপাশি পূর্বে সমিতির আর্থিক অবস্থা ও অন্যান্য দুর্বল দিকসমূহ সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণও থাকবে। আর্থিক তথ্যসমূহ অবশ্যই সর্বশেষ অডিট রিপোর্টের সাথে মিল থাকতে হবে। দৈবচয়নের ভিত্তিতে যাচাই করতে গেলে যেন প্রতিবেদনে সরবরাহকৃত তথ্যের সাথে অডিট নোট এবং সমিতির সদস্যদের মৌখিক ও প্রায়োগিক বিবরণে মিল থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্রতিবেদনে যথাযথ বিবরণের পাশাপাশি উল্লেখযোগ্য কার্যক্রমের উন্নতমানের ছবি যুক্ত করতে হবে। মূলত সর্বশেষ বার্ষিক সাধারণ সভা, নির্বাচন, প্রশিক্ষণ, অন্যান্য কর্মসূচির বিশেষ করে প্রকল্পের এবং মেলায় অংশগ্রহণসহ (যদি থাকে) সাম্প্রতিক কর্মকান্ডের ভালো রেজুলেশনের ছবিসহ একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন আগামী ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে উপনিবন্ধক (পিপি) সমবায় অধিদপ্তর, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা - ১২০৭, ই-মেইল: pp.doc2017@gmail.com ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।



২৩-১১-২০২২

ড. তরুণ কান্তি শিকদার

নিবন্ধক ও মহাপরিচালক

ফোন: ০২৪৮১১৯৩০৫

ফ্যাক্স: ০২৯১৩৯৫৬৫

ইমেইল: reg.dg@coop.gov.bd

যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়,

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

Handwritten signature

২৩-১১-২০২২

শাকিলা হক

উপ-নিবন্ধক